দৈনিক ইনকিলাব

240

তারিখ ... ... APR. 27 2000 ...
পৃষ্ঠা 7 কলাম 2 ......

# আজ সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু
## বিশৃঙ্খলার আশঙ্কা ঃ অভিভাবকরা উদ্বিগ্ন

স্টাফ রিপোর্টার ঃ ব্যাপক নকল, বিশৃঙ্খলা ও সহিংসতার আশঙ্কার মধ্য দিয়ে সারাদেশে আজ (বৃহস্পতিবার) থেকে ৫টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। যদিও কর্তৃপক্ষ এবার নকল প্রতিরোধে কঠোর পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা নিয়েছেন বলে জানিয়েছেন, কিন্তু ছাত্র-শিক্ষক-অভিভাবকরা এতে আশ্বস্ত হতে পারছেন না। বিশেষ করে ক্ষমতাসীন রাজনৈতিক দলের চাপে শেষ মুহূর্তে বোর্ড কর্তৃপক্ষই অসহায় বোধ করছেন।

ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এ বছর সর্বমোট ৫ লাখ ৫ হাজার ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হয়েছেন। এর মধ্যে ঢাকা বোর্ডে ১ লাখ ৫২ হাজার ৬৬৭, রাজশাহী বোর্ডে ১ লাখ ৪৩ হাজার ৮১৮, যশোর বোর্ডে ৯৩ হাজার ৩৬০, কুমিল্লা বোর্ডে ৮৪ হাজার ৭৮৮ এবং চট্টগ্রাম বোর্ডে ৩০ হাজার পরীক্ষার্থী রয়েছেন। ৫টি বিদেশী কেন্দ্রসহ সাড়ে ৯শ' পরীক্ষা কেন্দ্রে এরা পরীক্ষা দেবে। এর মধ্যে ঢাকা বোর্ডে ২৪৯, রাজশাহী বোর্ডে ২৫৯, যশোর বোর্ডে ১৯৭, কুমিল্লা বোর্ডে ১৫৪ ও চট্টগ্রাম বোর্ডে ৯৩টি কেন্দ্র রয়েছে। এর বাইরে ভেন্যুর নামে প্রচুর বিশেষ কেন্দ্র এবং উপকেন্দ্রও রয়েছে। অতিমাত্রায় নকলের দায়ে সারাদেশে গতবারের বাতিলকৃত প্রায় অর্ধশত কেন্দ্রের মধ্যে অধিকাংশই বোর্ড শেষ মুহূর্তে পুনরায় চালু করতে বাধ্য হওয়ায় এবারের নির্ধারিত ৯শ' কেন্দ্র এখন সাড়ে ৯শ' ছাড়িয়ে গেছে। এসব কেন্দ্রের মধ্যে কমপক্ষে ৪শ' কেন্দ্রই নকলপ্রবণ স্পর্শকাতর বলে জানা গেছে। বোর্ড কর্তৃপক্ষ ও স্থানীয় প্রশাসন কেন্দ্রগুলো পরিদর্শনের জন্য চারশ'র মতো ভিজিল্যান্স টীম গঠন করেছে। সরকারী-বেসরকারী কলেজের শিক্ষক এবং সরকারী কর্মকর্তাদের নিয়ে গঠিত দু'সদস্যের এসব ভিজিল্যান্স টীমের রিপোর্টের প্রেক্ষিতে বোর্ড সংশ্লিষ্ট কেন্দ্র বাতিলসহ কেন্দ্র কর্তৃপক্ষ ও দায়ী শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে। যদিও বেসরকারী কলেজের জন্য তা সহজসাধ্য নয়। তবে বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছেন, নকল বা যেকোন অসাধুপন্থা গ্রহণের জন্য এবার সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের তাৎক্ষণিক বহিষ্কারে কোন কার্পণ্য করা হবে না। এজন্য বহিষ্কারের সংখ্যা এবার যথেষ্ট বাড়বে। উল্লেখ্য, বাংলাদেশের বাইরে সউদী আরবের রিয়াদ ও জেদ্দায়, আরব আমীরাতের আবুধাবীতে, কাতারের দোহায় এবং লিবিয়ার ত্রিপোলীতে ৫টি এইচএসসি পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট দূতাবাসের তদারকিতে একই সময়ে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। এবছর নতুন ও পুরনো উভয় সিলেবাসেই পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ সকালে অনুষ্ঠিত হবে ইংরেজী ১ম পত্রের পরীক্ষা এবং আগামী ২৭ মে এইচএসসি পরীক্ষা (তত্ত্বীয় অংশ) শেষ হবে।

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

আজ সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু
বিশৃঙ্খলার আশঙ্কা ঃ অভিভাবকরা উদ্বিগ্ন

প্রথম পৃষ্ঠার পর

এদিকে আজ থেকে এইচএসসি পরীক্ষা শুরু হলেও গতকাল পর্যন্ত ৫টি শিক্ষা বোর্ডে কয়েক হাজার পরীক্ষার্থী প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড পায়নি বলে অভিযোগ পাওয়া গেছে। ফলে এদের পরীক্ষা দেয়া অনিশ্চিত হয়ে পড়েছে।

গতকাল রাতেও কিছু কিছু বোর্ডে হাতে লিখেও প্রবেশপত্র সরবরাহ করা হয় বলে জানা গেছে। সংশ্লিষ্ট পরীক্ষার্থী ও শিক্ষকরা এজন্য বোর্ডের কম্পিউটার কেন্দ্রগুলোর ত্রুটিকে দায়ী করেছে। এসব পরীক্ষার্থীর অভিভাবকরা উদ্বিগ্ন অবস্থায় গতকালও সারাদিন বোর্ডে ধর্না দেন। তবে সবাই প্রবেশপত্র মেলাতে পারেনি। বোর্ড কর্তৃপক্ষ এসব ছাত্র-ছাত্রীর অনেকের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড না পাওয়ার জন্য সংশ্লিষ্ট প্রিন্সিপালের নানা অনিয়ম, প্রতারণা ও কম্পিউটার ফর্ম পূরণের সময় অসামঞ্জস্যপূর্ণ তথ্য উল্লেখকে দায়ী করেছেন। ফলে তারা ফিস পরিশোধ করেও পরীক্ষা দিতে পারছে না। এদিকে ঢাকার মতিঝিল মডেল কলেজের মানবিক বিভাগের ১৩২ জন পরীক্ষার্থিনী গতকাল হাই কোর্টের নির্দেশে আজ থেকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছে। বোর্ড তাদের জন্য বিশেষ ব্যবস্থা করেছে।

ঢাকা বোর্ডে এবার ২৪৯টি কেন্দ্র থেকে সর্বমোট ১ লাখ ৫২ হাজার ৬৬৭ জন ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। এর মধ্যে ছাত্র ৯১ হাজার ৮৪৩ ও ছাত্রী ৬০ হাজার ৮২৪ জন। নিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা ৯১ হাজার ৩৬১, অনিয়মিত ৫০ হাজার ২০২, বিভাগ উন্নয়ন ১ হাজার ৫৭১ ও প্রাইভেট ৯ হাজার ৫৩৩। এছাড়া গত বছরের এক বিষয়ে ফেল করা ১০ হাজার ৭১৩ জন ছাত্র-ছাত্রীও পরীক্ষা দিচ্ছে নিয়মিত হিসেবে। পরীক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান বিভাগে ৩৩ হাজার ৯৮৩, মানবিক বিভাগে ৮৮ হাজার ৪২৮, বাণিজ্য বিভাগে ৯ হাজার ৭০৮, বিজনেস স্টাডি বিভাগে ২০ হাজার ২২৮, কৃষি বিভাগে ১০, গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ২৮০, ইসলামিক স্টাডিজ বিভাগে ১৩ ও সঙ্গীত বিভাগে ১৭ জন রয়েছে।

রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১৬টি জেলার ২৫৯টি কেন্দ্র এবং ২৪টি ভেন্যুতে এইচএসসি পরীক্ষায় এ বছর ৮৮০টি কলেজের ১ লাখ ৪৩ হাজার ৮১৮ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে নতুন সিলেবাসে ৯৫ হাজার ৯৮৪ জন এবং পুরাতন সিলেবাসে ৪৭ হাজার ৮৩৪ জন। মানবিক বিভাগে ১ লাখ ১০ হাজার ৭৫৬ জন, বিজ্ঞান বিভাগে ২৪ হাজার ৯৪২ জন এবং বাণিজ্য বিভাগে ৮ হাজার ১২০ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

বোর্ডের একটি সূত্র জানায়, এ বছর ঠাকুরগাঁওয়ের রানীশংকৈল ডিগ্রী কলেজ, নবাবগঞ্জের নাচোল ডিগ্রী কলেজ, নীলফামারী জেলার জনতা কলেজ এবং কুড়িগ্রামের রাজারহাট কলেজ পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে। জনতা কলেজ ছাড়া অন্য তিনটি কেন্দ্রের পরীক্ষার্থীদের জন্য নতুন ভেন্যু খুলে সেখানে পরীক্ষা দেয়ার ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়াও এ বছর আরো ৮টি নতুন ভেন্যুতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। বোর্ডের একজন কর্মকর্তা জানান, নতুন কেন্দ্র খোলার ব্যাপারে একদিকে সরকারের কড়াকড়ি বিধি-নিষেধ অন্যদিকে রাজনৈতিক চাপের কারণে ভেন্যুর নামে নতুন কেন্দ্র খোলা হচ্ছে। তিনি জানান, নকল প্রতিরোধ ও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য সরকারী ও বেসরকারী শিক্ষকদের নিয়ে ৬৫টি ভিজিলেন্স টীম গঠন করা হয়েছে। বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তারাও বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন। সূত্রটি জানায়, কম্পিউটার ত্রুটির জন্য ৩ শতাধিক পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়া যায়নি। তবে এসব পরীক্ষার্থীকে বিশেষ ব্যবস্থায় পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হয়েছে।

যশোর অফিস জানায়, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন ১৬টি জেলার ১৯৭টি কেন্দ্রে চলতি বছরের এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ৯৩ হাজার ৩৬০ জন পরীক্ষার্থী। শিক্ষা বোর্ড মোট ৫১টি কেন্দ্রকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করেছে।

এদিকে, প্রায় ২ হাজার পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে কম্পিউটার প্রিন্ট ভুল হওয়ার কারণে পরীক্ষা দেয়া অনিশ্চিত হয়ে পড়েছে। যদিও বোর্ড কর্তৃপক্ষ বলেছেন, সংশোধনের মাধ্যমে এদের পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হবে।